বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ

বিএসইসি/এনফোর্সমেন্ট/২৪৩৩/২০১৭- ৪৭২ তারিখ: ১৮-আগস্ট ২০২০

# আদেশ

যেহেতু, Section 2(cc), Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) মোতাবেক "Commission" means Bangladesh Securities and Exchange Commission constituted under the Bangladesh Securities and Exchange Commission Act, 1993 (Act No. 15 of 1993) (here in after referred to as 'Commission');

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর Section 2CC এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 জারি করে যার বর্ণনা নিম্নরূপ-

"..... Every sponsor shareholder or director or placement holder of a company listed with any stock exchange shall simultaneously submit a written report to the Securities and Exchange Commission and the stock exchange with which the company is listed about his/her/its intention to buy or sell or otherwise dispose off in any manner whatsoever the shares held by him/her/it in that company in the following format: ....."

যেহেতু, Section 2CC, Securities and Exchange Ordinance, 1969 (ORDINANCE No. XVII of 1969) এর মাধ্যমে কমিশনের উপর প্রদত্ত ক্ষমতাবলে নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 জারি করে যার বর্ণনা নিম্নরূপ-

"... a) All sponsors/promoters and directors of a company listed with any stock exchange shall all time jointly hold minimum 30% (thirty percent) shares of the paid-up capital of the company. The sponsors/promoters and directors holding less than 30% (thirty percent) shares shall acquire the rest amount within 6 (six) months of issuance of this Notification;
b) In case of non-holding of the said amount of shares the sponsors/promoters and directors would not be able to sell or transfer any shares until acquisition of the aforesaid amount of shares;..."

যেহেতু, মিস রুখসানা মোর্শেদ (Rukshana Morshed) 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড' এর ব্যবস্থাপনা পরিচালক এবং পরিচালক থাকা অবস্থায় বিগত ২১-২২ ডিসেম্বর, ২০১৬ ইং তারিখের মধ্যে উক্ত কোম্পানির ৭৯,০৪,০০০ টি শেয়ার পূর্ব ঘোষণা ছাড়াই বিক্রি করেছেন;



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

যেহেতু, উপর্যুক্ত পূর্ব ঘোষণা ছাড়া শেয়ার বিক্রির মাধ্যমে মিস রুখসানা মোর্শেদ কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এবং SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 এর সুস্পষ্ট লঙ্ঘন করেছেন;

যেহেতু, মিস রুখসানা মোর্শেদ কর্তৃক উপর্যুক্ত কর্মকান্ডের কারণে কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের এপ্রিল ০৩, ২০১৯ইং তারিখের বিএসইসি/এনফোর্সমেন্ট/২৪৩৩/২০১৭-২১১ স্মারকমূলে 'মিস রুখসানা মোর্শেদ'-কে নির্ধারিত তারিখে কারণ প্রদর্শন সহ শুননীতে উপস্থিত হতে বলা হয় এবং তিনি যথাসময়ে শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 25A এর বিধান মোতাবেক এবং আইনের অধীনে কোন ব্যক্তির উপর আনীত অভিযোগ হতে নির্দোষ প্রমানের দায়িত্ব উক্ত ব্যক্তির উপর ন্যস্ত;

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এর বিধান মোতাবেক যথাযথ প্রক্রিয়ায় নোটিশ ইস্যু করার পরও মিস রুখসানা মোর্শেদ উপর্যুক্ত শুনানিতে উপস্থিত হতে ব্যর্থ হন এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ হতে নিজেকে নির্দোষ প্রমাণে ব্যর্থ হন;

যেহেতু, উপর্যুক্ত বিষয়সমূহের ফলশ্রুতিতে দেখা যায় যে, মিস রুখসানা মোর্শেদ এর বিরুদ্ধে কমিশনের নোটিফিকেশন নম্বর SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 dated July 14, 2010 এবং SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 এর লঙ্ঘন সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড' এর ব্যবস্থাপনা পরিচালক এবং পরিচালক হিসেবে মিস রুখসানা মোর্শেদ সিকিউরিটিজ সংক্রান্ত উপর্যুক্ত আইন ও বিধিবিধান পরিপালনে ব্যর্থতার জন্য দায়ী;

যেহেতু, 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড'-এ জনসাধারণের মালিকানার শেয়ার রয়েছে যা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত, কিন্তু মিস রুখসানা মোর্শেদ কর্তৃক পূর্ব ঘোষণা ছাড়া 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড' এর শেয়ার বিক্রির কারণে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুণ্ণ হয়েছে ও হচ্ছে, যা পুঁজিবাজারের উন্নয়নেরও পরিপন্থী;

যেহেতু, 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড'-এ বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষা সহ পুঁজিবাজারের উন্নয়ন ও শৃংখলা রক্ষা করা কমিশনের অন্যতম উদ্দেশ্য তথা কর্তব্য;

যেহেতু, মিস রুখসানা মোর্শেদ আলোচ্য কর্মকান্ড তথা সিকিউরিটিজ আইন ও উহার অধীনে জারিকৃত বিধি-বিধান ভঙ্গের জন্য দায়ী, যা Section 22, Securities and Exchange Ordinance, 1969 এর অধীন শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে 'মিস রুখসানা মোর্শেদ'-কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এর প্রদত্ত ক্ষমতাবলে 'মিস রুখসানা মোর্শেদ'-কে ০৮ (আট) কোটি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ

টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

১৮/০৮/2020

খোন্দকার কামালউজ্জামান
কমিশনার

বিতরণ:

১। 'মিস রুখসানা মোর্শেদ', পরিচালক, 'সি এন্ড এ টেক্সটাইলস লিমিটেড', বাড়ি নং- ৫৯২/বি, মেহেদিবাগ রোড, দামপাড়া, কোতয়ালি, চট্টগ্রাম।



"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"